# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) সংখ্যা ০২


## সম্পাদকীয়

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিক 'তথ্য পরিক্রমা' ২য় সংখ্যা প্রকাশিত হচ্ছে। জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। সমাজের পশ্চাৎপদ, অবহেলিত, সুবিধা বঞ্চিত অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই উন্নয়নই সংস্থার মূল লক্ষ্য ও উদ্দেশ্য। বর্তমানে সংস্থাটি সরকারী ও বেসরকারী বিভিন্ন দেশী-বিদেশী দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় দেশের ৭টি বিভাগের ৫৬টি জেলায় ৪৪৫ অফিস ও প্রায় ৫,৫০০ জন জনবল দ্বারা ২৪টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ৮.০০ লক্ষাধিক পরিবারকে সংগঠিত করে নিরলসভাবে কাজ করে চলেছে। লক্ষিত জনগোষ্ঠীর অংশগ্রহণে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সংস্থা বগুড়া, দিনাজপুর ও ঢাকায় দরিদ্রবান্ধব চক্ষু হাসপাতাল স্থাপন করে স্বল্প খরচে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করে আসছে। এছাড়াও সামাজিক এন্টারপ্রাইজ "জিগ্যালোর" প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের কর্মসংস্থান সৃষ্টি, 'গাক শিশু বিকাশ' উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র স্থাপন করে শিক্ষার হার বৃদ্ধি এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের মাধ্যমে গ্রামীণ নারী- পুরুষদের ঋণ সহায়তা প্রদান ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় জুলাই-সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত উল্লেখযোগ্য কিছু কর্মসূচি সম্বলিত সচিত্র প্রতিবেদন 'তথ্য পরিক্রমা' দ্বিতীয় সংখ্যায় প্রকাশ করা হয়েছে। আশা করছি এ প্রকাশনার মাধ্যমে সংস্থার সুফলভোগীসহ অংশীজনগণ সংস্থার কর্মকান্ড সম্পর্কে জানতে পারবেন এবং তথ্য ভান্ডার আরো সমৃদ্ধ হবে।


## সম্পাদনা পরিষদ ঃ

**সম্পাদক ঃ**

ড. খন্দকার আলমগীর হোসেন
প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**

ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক
মোঃ আরমান হোসেন, উপ-পরিচালক
মোঃ জিয়াউদ্দিন সরদার, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন

**প্রকাশনায়ঃ**

কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন বিভাগ
গ্রাম উন্নয়ন কর্ম (গাক)
গাক টাওয়ার, বনানী, বগুড়া।
E-mail: info@guk.org.bd,
Website: www.guk.org.bd
Mobile: 01733-366999




## High Value Crop Production & Market Development প্রকল্পের চুক্তি স্বাক্ষর

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক প্রস্তাবিত বগুড়ার চরাঞ্চলে "High Value Crop Production & Market Development" প্রকল্পের আনুষ্ঠানিক চুক্তি ৯ জুলাই ২০২৩ তারিখে ব্র্যাক ব্যাংক পিএলসি এর পক্ষে ঢাকা অফিসে স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে গাক'র পক্ষে চুক্তি স্বাক্ষর করেন নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এবং ব্র্যাক ব্যাংক এর পক্ষে ডিএমডি এন্ড চীফ অপারেটিং অফিসার জনাব সাব্বির হোসাইন। প্রকল্পটি ব্র্যাক ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় বগুড়া জেলাধীন সারিয়াকান্দি উপজেলার চরাঞ্চলে বাস্তবায়িত হবে। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ব্র্যাক ব্যাংক এর এসএমই ব্যাংকিং ডিভিশনের হেড অব এমএফআই এন্ড এগ্রিকালচার ফাইন্যান্স জনাব তাপস কুমার রায় ও হেড অব কমিউনিকেশনস জনাব একরাম কবির, রিলেশনশিপ ম্যানেজার জনাব মোঃ রকিবুল হাসান এবং গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম ও পরিচালক (স্যোশাল) জনাব মোঃ রাশিদুল ইসলাম।



## গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন কর্তৃক বঙ্গবন্ধু উচ্চ শিক্ষাবৃত্তির চেক প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বঙ্গবন্ধু উচ্চ শিক্ষাবৃত্তি প্রাপ্তদের মাঝে ৬ জুলাই ২০২৩ তারিখে শিক্ষাবৃত্তির চেক প্রদান করেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। এ সময় উপস্থিত ছিলেন সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (স্যোশাল) জনাব মোঃ রাশিদুল ইসলাম, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তীন নিরীক্ষা) জনাব মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (এমএফ) জনাব পংকজ কুমার সরকার, পরিচালক (মনিটরিং এন্ড রিভিউ) জনাব মোঃ হজকিল আবু হাসান, পরিচালক (এসএমএপি) জনাব মোঃ আবু রায়হান মিয়া, পরিচালক (আইসিটি ও আরএম) জনাব মোঃ রায়হানুস সা-আদাত, যুগ্ম-পরিচালক (অর্থ ও হিসাব) জনাব মোঃ রাফিউল ইসলাম, জনাব মোঃ খোরশেদ আলম, উপ-পরিচালক ও জনাব মোঃ আরমান হোসেনসহ সংস্থার অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) সংখ্যা ০২



## চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল (High Value Crop) উৎপাদন ও বাজার উন্নয়ন শীর্ষক প্রকল্পের অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল (High Value Crop) উৎপাদন ও বাজার উন্নয়ন শীর্ষক প্রকল্পের অবহিতকরণ কর্মশালা ২১ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সারিয়াকান্দি উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব সবুজ কুমার বসাক এর সভাপতিত্বে উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সারিয়াকান্দি উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা জনাব মোঃ আব্দুল হালিম, গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, বগুড়া ব্র্যাক ব্যাংক এর ক্লাস্টার ও ব্র্যাঞ্চ ম্যানেজার জনাব মোঃ আজগর হোসেন। উল্লেখ্য যে, ব্র্যাক ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় সারিয়াকান্দি উপজেলার চরাঞ্চলের ১৪০০ কৃষককে সম্পৃক্ত করে প্রকল্পের মাধ্যমে উচ্চ ফলনশীল জাতের শস্য যেমনঃ ভূট্টা, মরিচ ও সরিষা চাষে কৃষকদের প্রশিক্ষণসহ আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করা হবে।



## গাক'র আয়োজনে বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তরের প্রতিনিধিগণের অংশগ্রহণে কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন "সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)" প্রকল্পের আওতায় "পরিবেশবান্ধব টেকসই অনুশীলন এর মাধ্যমে উদ্যোক্তাদের কৃষি-যন্ত্রপাতি ও সরঞ্জামাদি উৎপাদন দক্ষতা বৃদ্ধি" উপ-প্রকল্পের মাধ্যমে বগুড়ার সম্ভাবনাময় লাইট ইঞ্জিনিয়ারিং খাতকে আরোও সমৃদ্ধ করতে বগুড়ার বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তরের প্রতিনিধিগণের অংশগ্রহণে ভবিষ্যৎ করণীয় শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক, গাক। উল্লেখ্য যে, প্রকল্পটি বিশ্বব্যাংক ও পিকেএসএফ এর অর্থায়নে বগুড়ার কৃষি-যন্ত্রপাতি ও সরঞ্জামাদি উৎপাদন খাতের সাথে জড়িত ৬০০ জন উদ্যোক্তাকে সম্পৃক্ত করে পরিবেশবান্ধব কারখানা উন্নয়নে কাজ করছে।

## বগুড়া জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত স্মার্ট কর্মসংস্থান মেলায় গাক'র অংশগ্রহণ



বগুড়া জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত স্মার্ট কর্মসংস্থান মেলা ২০২৩ বগুড়া শহরস্থ টিটু মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উক্ত মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি। কর্মসংস্থান মেলায় ৩৫টি বেসরকারী চাকুরী প্রদানকারী প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। গ্রাম উন্নয়ন কর্ম (গাক) উক্ত মেলায় বরাদ্দকৃত ষ্টলে আগ্রহী প্রার্থীদের দাখিলকৃত জীবনবৃত্তান্ত সংগ্রহ করে তাৎক্ষনিক-ভাবে ৩ জন প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণপূর্বক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে। তন্মধ্যে সহকারী আউটরিচ অফিসার পদে নিয়োগ প্রাপ্ত মোছাঃ ঝিনুক খাতুনের নিয়োগপত্রটি মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় তার নিকট হস্তান্তর করেন। এ সময় উপস্থিত ছিলেন গাক'র পরামর্শক জনাব মোঃ মোবারক হোসেন তালুকদার।



## গাক কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির আওতায় প্রবীণদের মাঝে হুইল চেয়ার বিতরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি ও প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় সারিয়াকান্দি উপজলোর সদর ইউনিয়নের দীঘলকান্দি সমৃদ্ধি অফিসে প্রবীণদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়। গাক'র সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী মোঃ সাদিকুল ইসলাম এর সঞ্চালনায় অনুষ্ঠিত প্রবীণদের মাঝে হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাঃ মোঃ রফিকুল ইসলাম, এফসিপিএস (মেডিসিন), বগুড়া মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া। উক্ত অনুষ্ঠানে ৫ জন প্রবীণকে শ্রেষ্ঠ প্রবীণ সম্মাননা, ৫ জনকে শ্রেষ্ঠ সন্তান সম্মাননা প্রদান এবং ৪ জন প্রবীণকে হুইল চেয়ার প্রদান করা হয়। এছাড়াও সমৃদ্ধি কর্মসূচির আওতায় অনুষ্ঠিত স্বাস্থ্য ক্যাম্পে ১৫২ জন রোগীকে বিনামূল্যে স্বাস্থ্য চিকিৎসা সেবা প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠান সমূহে প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) সংখ্যা ০২



## গাক কর্তৃক বাস্তবায়নাধীন রেইজ প্রকল্পের আওতায় শিক্ষানবিশি কার্যক্রমের "মাস্টার ক্রাফটসপার্সন" ওরিয়েন্টেশন কর্মসূচি অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন পিকেএসএফ ও বিশ্বব্যাংকের আর্থিক ও কারিগরি সহায়তায় রেইজ প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের শিক্ষানবিশি কার্যক্রমের "মাস্টার ক্রাফটসপার্সন ওরিয়েন্টেশন" কর্মসূচি গাক কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় উদ্বোধন করেন গাক'র পরিচালক (মাইক্রোফাইন্যান্স) জনাব পঙ্কজ কুমার সরকার। তিনি শিক্ষানবিশি কার্যক্রমের বিভিন্ন ট্রেড কোর্সের ওস্তাদদের সাথে কথা বলেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য যে, রেইজ প্রকল্পের আওতায় শিক্ষানবিশি কার্যক্রমের মাস্টার ক্রাফটসপার্সন (ওস্তাদগণ) সমাজের নিম্ন আয়ের তরুনদের স্বাবলম্বী ও উদ্যোক্তা হিসেবে তৈরি করতে বদ্ধপরিকর, এ মর্মে তারা সংস্থার সাথে ৬ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদানের জন্য চুক্তিবদ্ধ হন এবং স্ব-উদ্যোগে দায়িত্ব গ্রহণ করেন।

## গাক-এসইপি প্রকল্পে মডেল ওয়ার্কশপ উন্নয়নে আধুনিক উপকরণ ও সরঞ্জামাদি বিতরণ



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন বিশ্বব্যাংক এবং পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় "সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)" এর আওতায় "পরিবেশ বান্ধব টেকসই অনুশীলনের মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তাদের কৃষি যন্ত্রপাতি ও সরঞ্জামাদি উৎপাদন দক্ষতা বৃদ্ধি" উপ-প্রকল্পের মাধ্যমে উদ্যোক্তাদের কারখানার পরিবেশ উন্নয়ন, মানসম্মত পণ্য উৎপাদন ও কর্মীর নিরাপত্তা বিষয়ক বগুড়ার ৫জন উদ্যোক্তাকে মডেল ওয়ার্কশপ বিনির্মাণে প্রত্যেককে ১ লক্ষ টাকা করে মোট ৫ লক্ষ টাকা মূল্যের বিভিন্ন আধুনিক উপকরণ ও সরঞ্জামাদি প্রদান করেন গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। এসময় উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক-প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা জনাব মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক-আইসিটি এন্ড আরএম জনাব মোঃ রায়হানুস সা-আদাত, উপ-পরিচালক জনাব মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন মোঃ জিয়া উদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ সাইফুল ইসলামসহ সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

## RMTP প্রকল্পের আওতায় বগুড়া জেলায় প্রথম স্বয়ংক্রিয় মেশিনের মাধ্যমে মিষ্টি তৈরির উদ্যোক্তাকে অনুদানের চেক বিতরন



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) ও পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় RMTP প্রকল্পের আওতায় "নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন" শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পের আওতায় বগুড়া জেলায় স্বয়ংক্রিয় মেশিনের মাধ্যমে মিষ্টি তৈরির উদ্যোক্তাকে অনুদানের চেক বিতরন করেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। এসময় উপস্থিত ছিলেন পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (মনিটরিং এন্ড রিভিউ) হজকিল মোঃ আবু হাসান, পরিচালক (এসএমএপি) মোঃ আবু রায়হান মিয়া, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন মোঃ জিয়া উদ্দিন সরদার, RMTP প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক ডাঃ মোঃ জিয়াউর রহমান-সহ সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য যে, প্রকল্পের আওতায় বগুড়া জেলায় এই প্রথম সম্পূর্ণ হাতের স্পর্শ ছাড়াই নিরাপদভাবে সুস্বাদু মিষ্টি তৈরি করছেন "খাজা দই এন্ড কনফেকশনারি" এর স্বত্ত্বাধীকারী মোঃ বায়েজিদ শেখ। বর্তমানে বিভিন্ন উৎপাদিত পণ্য বাণিজ্যিকীকরণের যুগে স্বল্প সময়ে, স্বল্প শ্রমে, দক্ষ জনবল ব্যবহার করে ইন্ডাস্ট্রি গ্রেডের পণ্য উৎপাদনে মোঃ বায়েজিদ এর অটোমেটিক মিষ্টি তৈরির মেশিন অত্যন্ত কার্যকরী ভূমিকা পালন করছে।



বগুড়ায় প্রথম খাজা দই এন্ড কনফেকশনারি'র কারখানায় অটোমেটিক মেশিনে মিষ্টি তৈরী করা হচ্ছে

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) সংখ্যা ০২



## সমৃদ্ধি কর্মসূচির আওতায় ৬৫০জন শিক্ষার্থীদের মাঝে ফলজ ও বনজ গাছের চারা বিতরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন পিকেএসএফ এর অর্থায়নে সমৃদ্ধি কর্মসূচির আওতায় গাবতলী উপজেলাধীন তরফসরতাজ গ্রামে অবস্থিত প্রবীণ সামাজিক কেন্দ্রে ৬৫০জন শিক্ষার্থীদের মাঝে ফলজ ও বনজ গাছের চারা বিতরণ করা হয়। উক্ত গাছের চারা বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাবতলী সদর ইউনিয়নের ৪ নং ওর্য়াড মেম্বর ও সমৃদ্ধি ওর্য়াড কমিটির সভাপতি জনাব মোঃ হারুনর রশিদ (পাতা)। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গাক'র যুগ্ম-পরিচালক জনাব মোঃ আনিছুর রহমান, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন জনাব মোঃ জিয়া উদ্দিন সরদার, কো-অর্ডিনেটর (প্রশাসন) জনাব মোঃ গাজী আমিরুল ইসলাম, এরিয়া ম্যানেজার জনাব মোঃ সোহরাব হোসেন, সমৃদ্ধি কর্মসূচি'র সমন্বয়কারী জনাব মোঃ ইব্রাহিম হোসেন, প্রবীণ কমিটির সভাপতি জনাব মোঃ জালাল উদ্দিন, সমৃদ্ধি কর্মসূচির কর্মকর্তাগণ ও সমৃদ্ধি শিক্ষা কেন্দ্রের শিক্ষকবৃন্দসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। উল্লেখ্য যে, সমৃদ্ধি কর্মসূচির আওতায় এ মৌসুমে গাবতলী এবং সারিয়াকান্দি উপজেলায় ৪৮০০ জন শিক্ষার্থীর মাঝে ফলজ ও বনজ গাছের চারা বিতরণ করা হবে।



## PACE প্রকল্পের আওতায় শোভন কর্ম পরিবেশ উন্নয়ন শীর্ষক উপ-প্রকল্পের আওতায় ফ্রি স্বাস্থ্য সুরক্ষা সেবা ক্যাম্প অনুষ্ঠিত

গাক চক্ষু হাসপাতাল কর্তৃক আয়োজিত করতোয়া নগর, বেইলী ব্রিজ, মাটিডালী, বগুড়ায় PACE প্রকল্পের আওতায় "কৃষি যান্ত্রিকীকরণ খাতের ক্ষুদ্র উদ্যোগে শোভন কর্ম পরিবেশ উন্নয়ন" শীর্ষক উপ-প্রকল্পের সহায়তায় "ফ্রি স্বাস্থ্য সুরক্ষা সেবা ক্যাম্প" এর শুভ উদ্ধোধন করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। গাক চক্ষু হাসপাতালের আউটরিচ কো-অর্ডিনেটর মোঃ মোজাহিদুল ইসলাম এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গাক'র সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন মোঃ জিয়া উদ্দিন সরদার, গাক চক্ষু হাসপাতালের মেডিকেল অফিসার ডাঃ এ.এন.এম নাজিব মোর্শেদ নাঈম, ডাঃ তানভীর, এসইপি প্রকল্পের প্রজেক্ট ম্যানেজার মোঃ সাইফুল ইসলাম, শোভন কর্ম পরিবেশ উন্নয়ন প্রকল্পের প্রজেক্ট ম্যানেজার মোঃ ছাব্বির হোসেন, গাক চক্ষু হাপাতালের ম্যানেজমেন্ট ট্রেইনী জোনায়েদ আহমেদসহ সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। উক্ত ক্যাম্পে প্রায় দুইশত রোগীকে বিনামুল্যে স্বাস্থ্য ও চক্ষু সেবা প্রদান করা হয়।

## CSISA-MEA প্রকল্পের গ্লোবাল কনসালটেন্ট মিঃ টিম রাসেল কর্তৃক গাক'র কার্যক্রম পরিদর্শন



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন CIMMYT এর অর্থায়নে পরিচালিত CSISA-MEA প্রকল্পের গ্লোবাল কনসালটেন্ট মিঃ টিম রাসেল প্রকল্পের মাঠ পর্যায়ের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন শেষে সংস্থার প্রধান কার্যালয়ে নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর সাথে মতবিনিময় করেন। এসময় উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, CIMMYT এর CSISA-MEA প্রকল্পের বগুড়া হাব কো-অর্ডিনেটর জনাব মোঃ মোকছেদুল আরাফাত, গাক'র যুগ্ম-পরিচালক মোঃ রাফিউল ইসলামসহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।



## বগুড়ায় জেলা যুব ফোরামের নতুন কমিটি গঠন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ভলান্টারী সার্ভিস ওভারসীজ (ভিএসও) এর আর্থিক ও কারিগরি সহায়তায় "লিডারশীপ এন্ড ইয়ুথ এনগেজমেন্ট" কর্মসূচির আওতায় গাক কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় যুবদের কর্মশালায় অংশগ্রহণের মাধ্যমে "বগুড়া জেলা যুব ফোরাম" এর নতুন কমিটি গঠন করা হয়েছে। কর্মশালায় উপস্থিত ছিলেন ভিএসও এর প্রজেক্ট ম্যানেজার জনাব মোঃ শফিকুর রহমান, গাক'র যুগ্ম-পরিচালক জনাব মোঃ হাসান আশরাফুজ্জামান, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন মোঃ জিয়া উদ্দিন সরদারসহ বগুড়া জেলার বিভিন্ন উপজেলা থেকে আগত যুব সদস্যবৃন্দ। সদ্য নবগঠিত বগুড়া জেলা যুব ফোরাম এর সভাপতি হিসাবে নির্বাচিত হয়েছেন শিবগঞ্জ উপজেলার মোঃ সানিউল ইসলাম, সাধারন সম্পাদক নির্বাচিত হয়েছেন গাবতলী উপজেলার মোছাঃ তাহরিমা আক্তার তমা।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) সংখ্যা ০২



## ঢাকা সমাজসেবা অধিদপ্তর এর উপ-পরিচালক কর্তৃক গাক'র বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করেন জনাব আইয়ুব খান, উপ-পরিচালক (নিবন্ধন ও নিয়ন্ত্রণ শাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। পরিদর্শন শেষে তিনি গাক কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে এক আলোচনা সভায় অংশগ্রহন করেন। আলোচনা সভায় উপস্থিত ছিলেন বগুড়া জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক জনাব আবু সাঈদ মোঃ কাওছার রহমান, গাক'র পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) জনাব মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (এসএমএপি) জনাব মোঃ আবু রায়হান মিয়া, যুগ্ম পরিচালক (অর্থ ও হিসাব) জনাব মোঃ রাফিউল ইসলাম, উপ-পরিচালক জনাব মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন জনাব মোঃ জিয়া উদ্দিন সরদারসহ সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

## গাক প্রতিনিধি দলের রংপুরে অবস্থিত দীপ আই কেয়ার চক্ষু হাসপাতাল পরিদর্শন



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এবং গাক চক্ষু হাসপাতালের একটি বিশেষ প্রতিনিধি দল রংপুরে অবস্থিত দীপ আই কেয়ার চক্ষু হাসপাতালের চক্ষু সেবা কার্যক্রম পরিদর্শন করেন। প্রতিনিধি দলের নেতৃত্ব দেন গাক চক্ষু হাসপাতালের সিনিয়র কনসালটেন্ট ও মেডিকেল ডিরেক্টর ডাঃ হাসান শহীদ মোঃ রেজাউন্নবী মন্ডল। প্রতিনিধি দলে অন্যান্য সদস্য ছিলেন গাক'র পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) জনাব মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (মনিটরিং এন্ড রিভিউ) জনাব হজকিল মোঃ আবু হাসান, পরিচালক (এসএমএপি) জনাব মোঃ আবু রায়হান মিয়া ও উপ-পরিচালক জনাব মোঃ আরমান হোসেন।

## PACE প্রকল্পের আওতায় "ক্ষুদ্র উদ্যোগে উৎপাদিত পণ্যের মান উন্নয়ন, ব্র্যান্ডিং ও ই-কমার্স ভিত্তিক বিপনন" উপ-প্রকল্পের উদ্যোক্তাদের প্রশিক্ষণ অনুষ্ঠিত



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহায়তায় Promoting Agricultural Commercialization and Enterprise (PACE) প্রকল্পের আওতায় "ক্ষুদ্র উদ্যোগে উৎপাদিত পণ্যের মান উন্নয়ন, ব্র্যান্ডিং ও ই-কমার্স ভিত্তিক বিপনন" উপ-প্রকল্পের অধীনে ১৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখে গাক কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় ক্ষুদ্র উদ্যোগে উৎপাদন খাতের সাথে জড়িত উদ্যোক্তাদের অংশগ্রহণে দিনব্যাপি "ক্ষুদ্র উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের মান উন্নয়ন ও ব্রান্ডিং বিষয়ক" প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের সমাপনী সেশনে উপস্থিত ছিলেন গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি উদ্যোক্তাদের সততা ও স্বচ্ছতার সহিত ব্যবসা পরিচালনার পাশাপাশি পণ্যের মানোন্নয়ন, আধুনিক ডিজাইন, পণ্যের ব্রান্ডিং এর উপর গুরুত্ব দিয়ে উদ্যোক্তাদের ই-কর্মাস ভিত্তিক পণ্য বিক্রয়ের পরামর্শ প্রদান করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন জনাব মোঃ জিয়া উদ্দিন সরদার, ট্রেনিং কো-অর্ডিনেটর জনাব মোঃ কবীর উদ্দিন, প্রকল্প ব্যবস্থাপকসহ বগুড়ার বিভিন্ন সাব-সেক্টরের উদ্যোক্তাগণ।



Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) সংখ্যা ০২



## PACE প্রকল্পের আওতায় শোভন কর্ম পরিবেশ উন্নয়ন শীর্ষক উপ-প্রকল্পের উদ্যোক্তাদের মাঝে চেক বিতরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) ও পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় PACE প্রকল্পের আওতায় "কৃষি যান্ত্রিকীকরণ খাতের ক্ষুদ্র উদ্যোগে শোভন কর্ম পরিবেশ উন্নয়ন" বিষয়ক উপ-প্রকল্পের উদ্যোক্তাদের অনুদানের চেক বিতরণ করেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। এসময় উপস্থিত ছিলেন পরিচালক-প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক-মনিটরিং এন্ড রিভিউ হজকিল মোঃ আবু হাসান, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন মোঃ জিয়া উদ্দিন সরদার, এসইপি প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক মোঃ সাইফুল ইসলাম, শোভন কর্ম পরিবেশ উন্নয়ন প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক মোঃ সাব্বির হোসেনসহ সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য যে, বগুড়ার কৃষি যান্ত্রিকীকরণ খাতের ৭ জন ক্ষুদ্র উদ্যোক্তাকে শোভন কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে প্রকল্প হতে আর্থিক অনুদানের চেক প্রদান করা হয়।

## PACE প্রকল্পের আওতায় কৃষকদের গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) ও পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় PACE প্রকল্পের আওতায় "গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষ সম্প্রসারণের মাধ্যেমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি" শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পের মাধ্যমে নির্বাচিত কৃষকদের নিয়ে ২৩ আগস্ট ২০২৩ তারিখে সুখানপুকুরের তেলিহাটায় গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়। গাক কর্তৃক আয়োজিত উক্ত প্রশিক্ষণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ মসলা গবেষণা কেন্দ্রের উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ মাহমুদুল হাসান (সুজা), গাবতলী উপজেলা কৃষিকর্মকর্তা মোঃ মেহেদী হাসান এবং গাক'র প্রকল্প ব্যবস্থাপক মোঃ শাহআলম-সহ প্রকল্পের কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য যে, প্রশিক্ষণ শেষে চাষীদের মাঝে গ্রীষ্মকালীন পেঁয়াজ এর বীজ বিতরণ করা হয়।

## মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২৩ উদযাপন



মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২৩ উপলক্ষে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) আগস্ট মাসব্যাপী বিভিন্ন ধরনের কার্যক্রম বাস্তবায়ন করেছে। উল্লেখযোগ্য কার্যক্রমের মধ্যে প্রধান কার্যালয়সহ শাখা অফিসে স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এঁর জীবনী নিয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল, মাদ্রাসার এতিমদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন, সদস্যদের মাঝে গাছের চারা বিতরণ, শিশু কিশোরদের অংশগ্রহণে কবিতা আবৃত্তি, চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা, জাতীয় পত্রিকায় বিজ্ঞাপন, সংস্থার অফিস সমূহে ড্রপডাউন ব্যানার/ফেস্টুন লাগোনোসহ সংস্থার ফেসবুক পেজ ও ওয়েবসাইটে শোকবার্তা প্রচার করে জাতীয় শোক দিবস পালন করা হয়। এ সকল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন, সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (মনিটরিং এন্ড রিভিউ) হজকিল মোঃ আবু হাসান, পরিচালক (এসএমএপি) জনাব মোঃ আবু রায়হান মিয়া, যুগ্ম পরিচালক (অর্থ ও হিসাব) মোঃ রাফিউল ইসলাম, যুগ্ম-পরিচালক (অর্থ ও হিসাব) খোরশেদ আলম, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন জনাব মোঃ সরদার জিয়া উদ্দিনসহ সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।



## গাক'র পক্ষ থেকে স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২৩ উপলক্ষে গাক এর পক্ষ থেকে স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এর নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিচালক-প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা জনাব মোঃ হুমায়ুন খালেদ, উপ-পরিচালক জনাব মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী জনাব মোঃ সরদার জিয়া উদ্দিনসহ সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) সংখ্যা ০২



মেনোনাইট সেন্ট্রাল কমিটি (MCC) বাংলাদেশ এর প্রতিনিধিবৃন্দ গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শন শেষে গাক'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এ সময় উপস্থিত ছিলেন MCC বাংলাদেশের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ মিঃ গ্রেগরি ভ্যান্ডারবিল্ট, পিএমইআর সমন্বয়কারী মিঃ চ্যাড স্টাউট, সেক্টর সমন্বয়কারী ডাঃ মোঃ আরেফুর রহমান, প্রোগ্রাম অফিসার জনাব মোঃ কামাল হোসেন ও জনাব মোঃ জাহাঙ্গীর আলম, প্রোগ্রাম অফিসার, বগুড়ার মসলা গবেষণা কেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ জুলফিকার হায়দার, গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলমসহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ। MCC বাংলাদেশের প্রতিনিধিরা গাক'র কার্যক্রম দেখে সন্তুষ্টি প্রকাশ করে এবং ভবিষ্যতে একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।



## গাক কর্তৃক আয়োজিত জি-ব্যাংকার সফটওয়্যার পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

গাক'র যশোর জোনের ২৫টি শাখার বিএমদের সফটওয়্যার পরিচালনা দক্ষতা উন্নয়নের লক্ষ্যে দু'দিন ব্যাপী জি-ব্যাংকার সফটওয়ার পরিচালনা বিষয়ক একটি প্রশিক্ষণ এনজিও ফোরাম প্রশিক্ষণ কেন্দ্র, যশোরে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এবং পরিচালক (এমএফ) পংকজ কুমার সরকার। প্রশিক্ষণ কোর্সটি গাক'র আইসিটি বিভাগ এবং প্রশিক্ষণ বিভাগ কর্তৃক পরিচালিত হয়।




## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত সিসি/জেডএম/এএম/বিএম এর অংশগ্রহণে ২ দিনব্যাপী "আচরণগত পরিবর্তন ও নেতৃত্ব উন্নয়ন বিষয়ক" প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত সিসি/জেডএম/এএম/বিএম এর অংশগ্রহণে ২ দিনব্যাপী "আচরণগত পরিবর্তন ও নেতৃত্ব উন্নয়ন বিষয়ক" প্রশিক্ষণের তৃতীয় ব্যাচের সমাপনী সেশনে উপস্থিত ছিলেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি ষ্টাফদের আচরণগত পরিবর্তন ও নেতৃত্ব উন্নয়নের উপর গুরুত্ব দিয়ে প্রশিক্ষণ থেকে লব্ধ জ্ঞান মাঠ পর্যায়ে কাজে লাগানোর পরামর্শ প্রদান করেন। সমাপনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (স্যোশাল) মোঃ রাশিদুল ইসলামসহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য যে, ব্র্যাক এর রির্সোস পারসন কর্তৃক ধারাবাহিকভাবে এ প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) সংখ্যা ০২



## গাক কর্তৃক বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জেষ্ঠ্য পুত্র "বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর ৭৪তম জন্মবার্ষিকী" উপলক্ষে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর বোর্ড রুমে সংস্থার নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন মহোদয়ের সভাপতিত্বে একটি বিশেষ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের মহান মুক্তিযুদ্ধে সশস্ত্র অংশগ্রহণ এবং যুদ্ধ পরবর্তী সময়ে দেশ গঠনে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর অবদান বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে শহীদের রূহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## গাক কর্তৃক বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে প্রীতি ফুটবল ম্যাচ আয়োজন



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক কৈশোর কর্মসূচির আওতায় ০৫/০৮/২০২৩ তারিখে গাবতলী উপজেলাধীন নশিপুর খেলার মাঠে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে কিশোরদের অংশগ্রহণে একটি প্রীতি ফুটবল ম্যাচ এর আয়োজন করা হয়। উক্ত প্রীতি ফুটবল ম্যাচে উপস্থিত ছিলেন গাক সমৃদ্ধি কর্মসূচির প্রকল্প সমন্বয়কারী মোঃ ইব্রাহীম আলী, নশিপুর ইউনিয়ন ২ নং ওয়ার্ড এর সাবেক মেম্বার ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। উক্ত প্রীতি ফুটবল ম্যাচ পরিচালনা করেন রেফারী মোঃ আঃ রহিম, কোলারবাড়ী, গাবতলী।

## RMTP-Poultry প্রকল্পের আওতায় হাইজেনিক ও হালাল পোল্ট্রি চেইন শপ উন্নয়ন অনুদানের চেক হস্তান্তর



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আরএমটিপি-পোল্ট্রি উপ-প্রকল্পের আওতায় হাইজেনিক ও হালাল পোল্ট্রি চেইন শপ উন্নয়ন কার্যক্রমের ধারাবাহিকতায় উদ্যোক্তা মোঃ আব্দুল মোমিন, নয়মাইল, আড়িয়া, শাজাহানপুর, বগুড়ায় নিরাপদ পোল্ট্রি মাংস বিক্রয়ের জন্য আব্দুল মোমিন মিট শপ উন্নয়ন করেন। প্রকল্পের আওতায় উদ্যোক্তার চলমান ব্যবসাকে ত্বরান্বিত করতে আর্থিক সহায়তার চেক প্রদান করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। এ সময় উপস্থিত ছিলেন যুগ্ম-পরিচালক মোঃ রাফিউল ইসলাম, প্রকল্প ব্যবস্থাপক মোঃ রহমত আলীসহ প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।




## RMTP প্রকল্পের আওতায় ডিএলএস, পোল্ট্রি এসোসিয়েশন ও সংশ্লিষ্ট মার্কেট এক্টরদের ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন RMTP প্রকল্পের আওতায় ডিএলএস, পোল্ট্রি এসোসিয়েশন ও সংশ্লিষ্ট মার্কেট এক্টরদের ত্রৈমাসিক সমন্বয় সভা অদ্য ২১/০৯/২৩ ইং তারিখ জেলা প্রাণিসম্পদ কার্যালয়, বগুড়াতে অনুষ্ঠিত হয়। উক্ত মিটিংএ সভাপতিত্ব করেন বগুড়া জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ মোশারফ হোসেন।